ইত্তেফাক

তারিখ ৭।১১।৮১

১৮৫

106

# প্রাথমিক শিক্ষক সমিতির বক্তব্য

## অস্থায়ী কেন্দ্রীয় কার্যালয়

৪২৪ নং খিলগাঁও, সি-জোন, ঢাকা—১৯
ফোন ঃ ৪০১৫১৭

আমরা অত্যন্ত বিস্ময়ের সাথে লক্ষ্য করে আসছি যে, শিক্ষকদের স্বার্থবিরোধী কার্যকলাপ, সংগঠনের ঐক্য বিনষ্ট এবং গণতন্ত্র বহির্ভূত কার্যকলাপের দরুন সমিতি থেকে বহিষ্কৃত দুই ব্যক্তি বেশ কিছু দিন যাবৎ আমাদের ছাত্র-ছাত্রীদের বার্ষিক পরীক্ষা সামনে রেখে বিশেষ একটি রাজনৈতিক মহলের ইঙ্গিতে জনসমর্থনহীন আন্দোলনের হটকারি কর্মসূচী দিয়ে সরল বিশ্বাসী প্রাথমিক শিক্ষকদেরকে বিপদের মুখে ঠেলে দেবার প্রয়াস চালাচ্ছে।

আমরা মনে করি, আন্দোলন ছাড়া শ্রমজীবী মেহনতি মানুষের মুক্তি আসতে পারে না, অধিকার আদায় করা যায় না। কিন্তু তাই বলে যখন তখনই আন্দোলন করা যায় না। এর জন্য চাই বাস্তব অবস্থা, উপযুক্ত সময় এবং পরিবেশ। আজকে দেশের সমস্ত বিরোধী রাজনৈতিক দলই নির্বাচনে অংশগ্রহণ করছেন এবং শান্তিপূর্ণভাবে নির্বাচন সম্পন্ন হয়ে যাক--সবাই ইহা প্রত্যাশা করেন। কিন্তু দেশের প্রাথমিক শিক্ষক সমাজ ও গরীব কর্মচারীদের বর্তমান অর্থনৈতিক সংকটকে পুঁজি করে গণধিকৃত একটি মহল দেশে চরম বিশৃংখল অবস্থা সৃষ্টি করে ঘোলা পানিতে মাছ শিকার করার জন্য সমস্যা জর্জরিত শিক্ষক ও কর্মচারীদেরকে তাদের হাতিয়ার হিসাবে ব্যবহার করার প্রচেষ্টা চালাচ্ছে।

আমরা দৃঢ় প্রত্যয়ের সাথে বলতে চাই, পেছনের দরজা দিয়ে ক্ষমতায় আসার প্রয়াসী সেই প্রাসাদ-ষড়যন্ত্রের হোতাদের ইঙ্গিতে দেওয়া অবিরাম ধর্মঘটে কোন দেশপ্রেমিক সচেতন শিক্ষক অংশগ্রহণ করবেন না। কারণ, এটা আন্দোলনের উপযুক্ত সময় ও পরিবেশ নয়। শুধু ব্যক্তি পূজারীরাই আন্দোলনের নামে দেশদ্রোহীতার পরিচয় দিতে পারেন। কোনো সচেতন শিক্ষক দেশদ্রোহী হিসাবে জাতির কাছে চিহ্নিত হয়ে জনগণ থেকে বিচ্ছিন্ন হতে পারেন না। শুধু শিক্ষক হিসাবে নয় একজন দেশপ্রেমিক নাগরিক হিসাবেই তাঁদের উপর অর্পিত নির্বাচন সংক্রান্ত সমস্ত কাজ তাঁরা দায়িত্ব সহকারে পালন করবেন।

পরিশেষে নির্বাচন সংক্রান্ত কাজ থেকে ঢালাওভাবে বাদ না দিয়ে বরং তাঁদের মতামত সাপেক্ষে কাজ করার সুযোগ দানের জন্য আমরা সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট আবেদন জানাচ্ছি।

মু. ফজলুর রহমান
৬-১১-৮১ইং
সম্পাদক মণ্ডলীর মহাসচিব
বাংলাদেশ প্রাঃ শিঃ সমিতি।
সি--৪২২২

শাহজাদা মোঃ নূরুল আলম আমিরী
৬-১১-৮১ইং
সভাপতি মণ্ডলীর চেয়ারম্যান
বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতি।